# ডেসকোর আউটসোর্সিং নিয়োগ নীতিমালা-২০২৩ অনুসরণে "সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষী নিয়োজিতকরণের শর্তাবলী"

(সরকারি আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮ এর অনুচ্ছেদ ৩ (৯) অনুযায়ী শর্তাবলী নির্ধারণ করা হলো)

১। আউটসোর্সিং এর আওতায় নিম্নবর্ণিত শর্তাবলী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত নিরাপত্তা পরিদর্শক এবং নিরাপত্তারক্ষীদের জন্য প্রযোজ্য হবে।

২। **নিরাপত্তা পরিদর্শকের যোগ্যতাঃ**

- (i) শিক্ষাগত যোগ্যতাঃ ন্যূনতম এইচএসসি পাস বা সমমান।
- (ii) জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্ব সনদপত্র থাকতে হবে।
- **(iii) বয়সঃ ১৮ বছর হতে ৫৫ বছর (আবেদনের সময় বয়সসীমা ৪৭ বছর)।**
- (iv) উচ্চতাঃ ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি।
- (v) ওজনঃ ন্যূনতম ৫৫ কেজি ও বয়সের সঙ্গে সংগতিপূর্ণ সর্বোচ্চ **BMI (Body Mass Index)** অনুযায়ী হতে হবে।
- (vi) স্বাস্থ্যগত যোগ্যতাঃ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে এবং চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীকে ডেসকোর নিয়োগকৃত রিটেইনার ডাক্তার কর্তৃক গৃহীত স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- (vii) সেনা, নৌ, বিমান, বিজিবি, পুলিশ/কারারক্ষী এবং আনসার বাহিনী হতে অবসর প্রাপ্ত ন্যূনতম জেসিও পদমর্যাদার কর্মকর্তা অথবা স্বনামধন্য নিরাপত্তা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে কর্মকর্তা পদে ন্যূনতম ৩ বৎসর কাজের অভিজ্ঞতা সম্পন্ন।
- (viii) পূর্বের সার্ভিস রেকর্ড ভালো থাকতে হবে এবং এ সংক্রান্ত যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র দাখিল করতে হবে।
- (ix) নিরাপত্তারক্ষীদের প্রশিক্ষণ প্রদান এবং পরিচালনার যোগ্যতা থাকতে হবে।
- (x) নিরাপত্তা পরিদর্শককে মোটর সাইকেল চালনায় পারদর্শী হতে হবে ও ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

৩। **নিরাপত্তারক্ষীর যোগ্যতাঃ**

- (i) শিক্ষাগত যোগ্যতাঃ অষ্টম শ্রেণি পাস বা সমমান।
- (ii) জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্ব সনদপত্র থাকতে হবে।
- **(iii) বয়সঃ ১৮ বছর হতে ৫০ বছর (আবেদনের সময় বয়সসীমা ৩৫ বছর)।**
- (iv) উচ্চতাঃ ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি এবং ওজনঃ ন্যূনতম ৫৫ কেজি ও বয়সের সঙ্গে সংগতিপূর্ণ সর্বোচ্চ **BMI (Body Mass Index)** অনুযায়ী হতে হবে।
- (v) মহিলাদের ক্ষেত্রে উচ্চতাঃ ৫ ফুট এবং ওজনঃ ৫০ কেজি ও বয়সের সঙ্গে সংগতিপূর্ণ সর্বোচ্চ **BMI (Body Mass Index)** অনুযায়ী হতে হবে।
- (vi) স্বাস্থ্যগত যোগ্যতাঃ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে এবং চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীকে ডেসকোর নিয়োগকৃত রিটেইনার ডাক্তার কর্তৃক গৃহীত স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- (vii) বাংলায় লিখতে, পড়তে এবং কথা বলায় পারদর্শী হতে হবে।

৪। নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা ডেসকো হতে করা হবে।

৫। বেতন ভাতাদি ডেসকো হতে সরাসরি সংশ্লিষ্ট নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষীদের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা হবে।

৬। নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষীদের নিম্নবর্ণিত মাসিক সেবামূল্য প্রদান করা হবে।

| ক্রমিক নং | পদবী | সর্বসাকুল্যে মাসিক সেবামূল্য |
|---|---|---|
| ক | নিরাপত্তা পরিদর্শক | ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা |
| খ | নিরাপত্তারক্ষী | ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা |

৭। নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষীদের নিম্নবর্ণিত অন্যান্য ভাতা প্রদান করা হবে।

| | | |
|---|---|---|
| অন্যান্য ভাতা | উৎসব ভাতা | মুসলিম নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষীগণকে প্রতি ঈদে মাসিক সেবামূল্যের অর্ধেক হারে উৎসব ভাতা প্রদান করা হবে। অন্যান্য ধর্মাবলম্বি নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষীগণকে নিজ নিজ ধর্মীয় উৎসবের সময় বৎসরে ০১ (এক) মাসের সেবামূল্যের সমপরিমান উৎসব ভাতা প্রদান করা হবে। |
| | নববর্ষ ভাতা | নিরাপত্তা পরিদর্শক এবং নিরাপত্তারক্ষীগণকে প্রতি বছর মাসিক সেবামূল্যের ২০% হারে নববর্ষ ভাতা প্রদান করা হবে। |

৮। প্রাথমিকভাবে ০৩ (তিন) বছরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে। সেবার মান সন্তোষজনক হলে এবং বয়স, শারিরীক ও মানুষিক কর্মক্ষমতা থাকা সাপেক্ষে এবং ডেসকো প্রয়োজন মনে করলে চুক্তি নবায়ন করতে পারবে।

৯। চুক্তি নবায়ন করা না হলে নিরাপত্তা পরিদর্শক/ নিরাপত্তারক্ষীর চুক্তিপত্র মেয়াদান্তে সয়ংক্রিয়ভাবে বাতিল হবে।

১০। নির্বাচিত প্রার্থীগণকে যোগদানকালে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি করতে হবে এবং মেয়াদ শেষে ডেসকোতে স্থায়ীকরণের জন্য বা মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন, আপত্তি অথবা আইন-আদালতের আশ্রয় গ্রহণ করতে পারবে না মর্মে হলফনামা/ অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

১১। ডেসকোর আওতাধীন যে কোন স্থাপনা/ অফিস/ দপ্তরে দায়িত্ব পালন করতে হবে। অর্পিত দায়িত্ব ও কাজের মান সন্তোষজনক না হলে ডেসকো কর্তৃপক্ষ বিনা নোটিশে চুক্তি বাতিল করতে পারবে।

১২। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকলে ঐ দিনের হাজিরা কর্তনসহ প্রতিদিনের জন্য ৫০০/- (পাঁচ শত) টাকা করে জরিমানা করা হবে।

১৩। বয়স সম্পর্কে কোনো রকম এফিডেভিট গ্রহণযোগ্য নয়। প্রার্থী সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৪। আইডি কার্ড ও ইউনিফর্ম যথাযথভাবে পরিধান করে দায়িত্ব পালন করতে হবে। এর ব্যত্যয় হলে প্রতি বারের জন্য ২০০/- (দুই শত) টাকা জরিমানা করা হবে।

১৫। ইচ্ছাকৃতভাবে দায়িত্বে অবহেলার জন্য প্রতি ক্ষেত্রে (যেমন: দায়িত্ব পালনকালে ঘুমিয়ে পড়লে, গেইটে অনুপস্থিত, নিরাপত্তা সংক্রান্ত ব্যতীত অন্যান্য কাজে জড়িত হওয়া ইত্যাদি) ৫০০/- (পাঁচ শত) টাকা জরিমানা করা হবে।

১৬। বিনা অনুমতিতে কর্মস্থলে ৭ (সাত) দিন অনুপস্থিত থাকলে স্থায়ীভাবে চুক্তি বাতিল করা হবে।

১৭। দায়িত্ব পালনকালীন নিরাপত্তারক্ষী দ্বারা কোন প্রকার গুরুতর অপরাধ সংঘটিত হলে অথবা প্রতিষ্ঠানের কোন সম্পদ চুরি বা ক্ষতি সাধিত হলে এর সম্পূর্ণ দায়িত্ব নিরাপত্তা পরিদর্শক/নিরাপত্তারক্ষীকে বহন করতে হবে।

১৮। প্রার্থীগণের কোন তথ্য, সনদপত্র ভূয়া/ মিথ্যা/ জাল-জালিয়াতি প্রমাণিত হলে চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। নৈতিক স্খলন জনিত কোন কার্যকলাপের সম্পৃক্ততার প্রমান পাওয়া গেলে চুক্তি বাতিল বলে গণ্য হবে।

২০। সরকারি/আধাসরকারি/স্বায়িত্বশাসিত/সবকারি সংস্থা থেকে বরখাস্ত/চাকুরিচ্যুত হলে প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবেন।

২১। আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে অথবা রাষ্ট্রবিরোধী কাজের সাথে জড়িত থাকলে প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবেন।

২২। কোন প্রকান কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরী/নিয়োগ হতে সেবাপ্রদানকারীকে অব্যাহতি প্রদান করার ক্ষমতা ডেসকো কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৩। নির্বাচিত প্রার্থীগণকে যোগদানের ৬ (ছয়) মাসের মধ্যে অবশ্যই নিজ দায়িত্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে।

২৪। নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষীদের ইউনিফর্ম ও আনুষঙ্গিক মালামাল বছরে একবার ডেসকো কর্তৃক সরবরাহ করা হবে (শার্ট ও প্যান্ট-২ সেট, সু/বুট- ১ জোড়া, মোজা- ২ জোড়া, ওয়েস্ট বেল্ট-১টি, ক্যাপ-২টি, সোল্ডার ব্যাচ-২ সেট, নেম প্লেট-২টি, ডেসকো মনোগ্রাম (সাইন)-২টি, লাইনার-২টি, শীতের জ্যাকেট/সোয়েটার-১টি, রেইনকোট-১টি)।

এছাড়াও নিরাপত্তারক্ষী মোতায়েনকৃত প্রতিটি স্থাপনার জন্য লাঠি, বাঁশি, ছাতা, হ্যান্ড মেটাল ডিটেক্টর, ভেহিকেল সার্চ মিরর, মার্শালিং লাইট, টর্চ লাইট (ব্যাটারীসহ) ইত্যাদি ডেসকো কর্তৃক সরবরাহ করা হবে।

২৫। সপ্তাহে ৪৮ ঘন্টা রোস্টার অনুযায়ী ডিউটি করতে হবে।

২৬। ২০,০০০/- (বিশ হাজার) টাকা জামানত হিসেবে নিরাপত্তা পরিদর্শক/নিরাপত্তারক্ষীদের নিকট থেকে যোগদানের সময় জমা নেওয়া হবে, যা মেয়াদান্তে ফেরতযোগ্য।

২৭। নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তারক্ষীদের চাকুরি ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী পরিচালিত হবে।

২৮। শর্তাবলী/চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এমন কোন বিষয় বা এমন কোন সমস্যার উদ্ভব হলে ডেসকো কর্তৃপক্ষ এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করবে।

-সমাপ্ত-